

করোনা ভাইরাস যা জানা প্রয়োজন


করোনাভাইরাস হলো একটা বড় ভাইরাস-পরিবার অর্থাৎ করোনাভাইরাসের অনেক প্রজাতি আছে। এই ভাইরাসগুলো প্রাণী কিংবা মানুষের শরীরে ঢুকে তাদেরকে অসুস্থ করে ফেলে। মানুষের শরীরে ঢোকার পর কোন কোন করোনাভাইরাস শরীরের শ্বাসতন্ত্রে আক্রমণ চালায়। ফলে আক্রান্ত ব্যক্তি সাধারণ ঠাণ্ডা, সর্দি-কাশি থেকে শুরু করে মারাত্মক রোগ যেমন মিডল ইস্ট রেসপিরেটরি সিনড্রোম (মার্স) এবং সিভিয়ার একিউট রেসপিরেটরি সিনড্রোম (সার্স) রোগে আক্রান্ত হয়। অতি সম্প্রতি জানা গিয়েছে যে, করোনাভাইরাস কোভিড-১৯ রোগের কারণ। করোনাভাইরাসের এই নতুন প্রজাতি ও রোগ সম্পর্কে প্রথমে জানা যায় ২০১৯ সালের ডিসেম্বরে যখন চীনের উহানে রোগটি ছড়িয়ে পড়ে। বিশ্ব স্বাস্থ্য সংস্থা ইতোমধ্যে এই রোগটিকে মহামারি হিসেবে ঘোষণা দিয়েছে।

রোগের লক্ষণসমূহ দেখা দিলে, অথবা যেকোন তথ্য, সহায়তার জন্য যোগাযোগ করুন:

রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইন্সটিটিউট (আইইডিসিআর)
হটলাইন:

০১৯৪৪৩৩৩২২২, ০১৯৩৭০০০০১১,
০১৯৩৭১১০০১১, ০১৯২৭৭১১৭৮৮,
০১৯২৭৭১১৭৮৫, ০১৫৫০০৬৪৯০১,
০১৫৫০০৬৪৯০২, ০১৫৫০০৬৪৯০৩,
০১৫৫০০৬৪৯০৪, ০১৫৫০০৬৪৯০৫

ই-মেইলের মাধ্যমে যোগাযোগ করতে পারেন:
iedcrcovid19@gmail.com

 ledcr, COVID-19 Control Room

স্বাস্থ্যসেবা অধিদপ্তর (ডিজিএইচএস)

হটলাইন:

১৬২৬৩
৩৩৩



রোগের লক্ষণ

- জ্বর
- শ্বাসকষ্ট
- পেট খারাপ
- মাথা ব্যথা
- কাশি
- সর্দি
- ডায়রিয়া
- অস্বস্তিবোধ

* অন্যান্য অসুস্থতা যেমন ডায়াবেটিস/উচ্চ রক্তচাপ/শ্বাসকষ্ট/হৃদরোগ/কিডনী সমস্যা/ক্যান্সার ইত্যাদি থাকলে অঙ্গ বিকল হওয়াসহ নানা জটিলতা দেখা দিতে পারে।

কীভাবে ছড়ায়?



বাতাসের মাধ্যমে (নিকটবর্তী আক্রান্ত ব্যক্তির হাঁচি-কাশি থেকে)



আক্রান্ত ব্যক্তির সংস্পর্শে



আক্রান্ত ব্যক্তির হাঁচি-কাশির কণা (ড্রপলেট) থেকে



ভাইরাসের জীবাণু আছে এমন কিছু স্পর্শ করলে

প্রতিরোধের জন্য যা যা করণীয়



সাবান ও পানি দিয়ে ঘন ঘন হাত ধোয়া, অন্তত ২০ সেকেন্ডের জন্য। হাতের কুনই, তালু, পিছন, আঙ্গুলের মধ্যে এবং নখের ভিতরে ভাল করে পরিষ্কার করতে হবে; অ্যালকোহল-বেইজড হ্যান্ড স্যানিটাইজারও ব্যবহার করা যেতে পারে



নিজের চোখ, নাক এবং মুখে হাত দেয়ার আগে হাত সাবান ও পানি দিয়ে ধোয়া, অন্তত ২০ সেকেন্ডের জন্য



হাত মেলানো, কোলাকুলি করা ইত্যাদি থেকে বিরত থাকুন; নিরাপদ দূরত্ব বজায় রাখুন



হাঁচি-কাশি দেওয়ার সময় রুমাল/টিস্যু দিয়ে বা বাহুর ভাঁজে নাক মুখ ঢাকা, ব্যবহৃত রুমাল/টিস্যু চাকনামুক্ত বিনে ফেলা



ঘন ঘন স্পর্শ/ব্যবহার করা হয় যেমন মোবাইল, টেবিল, চেয়ার, দরজার হাতল ইত্যাদি জীবাণুমুক্ত রাখা



জনসমাগম হয় এমন স্থানগুলো, যেমন সন্ডা-সমাবেশ, হোটেল-রিস্টোরা, যথাসম্ভব এড়িয়ে চলা